

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়  
সিএ-২ অধিশাখা  
www.mocat.gov.bd



নম্বর: ৩০.০০.০০০০.০১৪.১১.০০১.২০.২৮৯

তারিখ: ২৩ কার্তিক ১৪২৭

০৮ নভেম্বর ২০২০

প্রজ্ঞাপন

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর সিএনএস-এটিএম (রোডারসহ) সংক্রান্ত যন্ত্রপাতি জি টু জি পদ্ধতিতে ক্রয়ের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ের ২৪ জানুয়ারি ২০১৬ খ্রি: তারিখের ০৩.০৭৪.০৪৬.০০.০০.০০১.২০১৫-৩৬ নং পরিপত্র অনুযায়ী এ মন্ত্রণালয়ের ১০.০২.২০২০ তারিখের ৩০.০০.০০০০.০১৪.১১.০০২.২০১৬-১১৪ নং প্রজ্ঞাপন দ্বারা গঠিত কমিটি নিম্নোক্তভাবে পূর্ণগঠন করা হলোঃ

(ক) কমিটি:

- |   |              |
|---|--------------|
| ১. অতিরিক্ত সচিব (বিমান ও সিএ), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়        | - সভাপতি     |
| ২. প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রতিনিধি (যুগ্ম-সচিব বা তদুর্ধ্ব)                  | - সদস্য      |
| ৩. অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম-সচিব বা তদুর্ধ্ব)                          | - সদস্য      |
| ৪. লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের প্রতিনিধি (যুগ্ম-সচিব বা তদুর্ধ্ব)            | - সদস্য      |
| ৫. অর্থনৈতিক সম্পর্ক বিভাগের প্রতিনিধি (যুগ্ম-সচিব বা তদুর্ধ্ব)                   | - সদস্য      |
| ৬. জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিনিধি (যুগ্ম-সচিব বা তদুর্ধ্ব)                       | - সদস্য      |
| ৭. সদস্য (পরিচালনা ও পরিকল্পনা), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ          | - সদস্য      |
| ৮. সদস্য (এটিএম), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ                         | - সদস্য      |
| ৯. সদস্য (ফ্লাইট সেইফটি এন্ড রেগুলেশন্স), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ | - সদস্য      |
| ১০. যুগ্ম-সচিব (সিএ), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়                  | - সদস্য সচিব |

(খ) বর্ণিত কমিটির সভাপতি অতিরিক্ত সচিব (বিমান ও সিএ) এর পদ শূণ্য থাকলে অথবা তিনি কর্মস্থলে অনুপস্থিত থাকলে তাঁর পরিবর্তে অতিরিক্ত সচিব (নিয়ন্ত্রক, হোটেল ও রেষ্টোরা সেল) দায়িত্ব পালন করবেন।

(গ) বর্ণিত কমিটির সদস্য সচিব যুগ্মসচিব (সিএ) এর পদ শূণ্য থাকলে অথবা তিনি কর্মস্থলে অনুপস্থিত থাকলে তাঁর পরিবর্তে যুগ্মসচিব (বিমান) দায়িত্ব পালন করবেন।

(ঘ) কমিটির কার্যপরিধিঃ

- (১) জি টু জি পদ্ধতিতে কোন বিদেশী সরকার বা অন্য দেশের সরকারি প্রতিষ্ঠান থেকে তাদের প্রস্তাবিত দ্রব্য বা সেবা ক্রয় করা সমীচীন কিনা তা বাছাই করা।
- (২) সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি বা অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে বিবেচনার জন্য টেকনিক্যাল কমিটির সাথে পরামর্শ করে এই কমিটি সংশ্লিষ্ট প্রকল্পের মূল্য নির্ধারণ করবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

*Rahona*

৯-১১-২০২০

রোকসিন্দা ফারহানা

উপ-সচিব

ফোন: ০২-৯৫৪৯১১৩

ফ্যাক্স: ০২-৯৫১৫৪৯৯

ইমেইল: dsca2@mocat.gov.bd

নম্বর: ৩০.০০.০০০০.০১৪.১১.০০১.২০.২৮৯/১(১৫)

তারিখ: ২৩ কার্তিক ১৪২৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল:

- ১) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ২) চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড
- ৩) সিনিয়র সচিব, অর্থ বিভাগ
- ৪) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৫) সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
- ৬) চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
- ৭) নিয়ন্ত্রক, হোটেল ও রেস্টোরাঁ সেল, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
- ৮) অতিরিক্ত সচিব, বিমান ও সিএ অনুবিভাগ, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
- ৯) সদস্য (পরিচালনা ও পরিকল্পনা), সদস্য (পরিচালনা ও পরিকল্পনা) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
- ১০) সদস্য(এটিএম), সদস্য(এটিএম) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
- ১১) সদস্য(ফ্লাইট স্ট্যান্ডার্ড এন্ড রেগুলেশনস), সদস্য (ফ্লাইট স্ট্যান্ডার্ড এন্ড রেগুলেশনস) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
- ১২) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
- ১৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
- ১৪) পরিচালক, মহাপরিচালকের দপ্তর, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর [পরবর্তী গেজেটে প্রকাশের জন্য এবং গেজেটের ১০০ (একশত) কপি প্রেরণের অনুরোধসহ]
- ১৫) প্রোগ্রামার, আইসিটি সেল, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়